দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 17 1999
পৃষ্ঠা 2 কলাম 7

### সাংবাদিক সম্মেলনে হামিদ

## মোদার্রেছিনের লাখ লাখ টাকা আত্মসাত

**ষ্টাফ রিপোর্টার ॥** বাংলাদেশ জমিয়তুল মোদার্রেছিনের নবগঠিত আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দ অভিযোগ করেছেন, মাদ্রাসা শিক্ষকদের অস্তিত্ব ও স্বার্থ রক্ষার্থে গড়ে ওঠা এ সংগঠনের লাখ লাখ টাকা মাওলানা মান্নান অতীতে আত্মসাত করেছেন।

মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে জমিয়তুল মোদারেছীনের নতুন কমিটির আহ্বায়ক মাওলানা আবদুল হামিদ অভিযোগ করে বলেন, মাওলানা মান্নান মাদ্রাসা শিক্ষকদের আস্থা ও বিশ্বাসে কুঠারাঘাত করেছেন। মাওলানা মান্নান তাঁর ব্যক্তিগত ভাগ্য গড়ার কাজে জমিয়তুল মোদার্রেছিনের সুনাম ও প্রভাবকে ব্যবহার করেছেন বলে তিনি জানান। তিনি সারা দেশের মাদ্রাসা শিক্ষক এবং বিভিন্ন প্রতিষ্ঠান থেকে মিথ্যা অজুহাতে লাখ লাখ টাকা চাঁদা আদায় করেন। মাদ্রাসা শিক্ষক সংগঠনের পত্রিকা প্রকাশনার নামে লাখ লাখ টাকা সংগ্রহ করে ইনকিলাব ভবন তৈরি করা হয়েছে। কিন্তু পত্রিকা ও ভবনের মালিকানা জমিয়তুল মোদার্রেছিন পায়নি বলেও তিনি অভিযোগ করেন।

সাংবাদিক সম্মেলনে জমিয়তুল মোদার্রেছিন নেতৃবৃন্দ বলেন, দেশের মাদ্রাসা শিক্ষকরা আজ হতাশাগ্রস্ত ও নেতৃত্বহীন। সারা দেশের মাদ্রাসা শিক্ষকরা জমিয়তুল মোদার্রেছিনকে গতিশীল ও দায়িত্বশীল সংগঠন হিসাবে দেখতে চাচ্ছে। এ লক্ষ্যেই জমিয়তুল মোদর্রেছিনের নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

নেতৃবৃন্দ জানান, জমিয়তুল মোদার্রেছিনের আগের কমিটির মেয়াদ '৯৩ সালে শেষ হয়ে গেছে। এরপর সংগঠনের আর কোন সম্মেলন হয়নি। এক প্রশ্নের উত্তরে মোদার্রেছিন নেতৃবৃন্দ অভিযোগ করে বলেন, মাওলানা মান্নানের কামেল সার্টিফিকেটে ১ম বিভাগ লেখা থাকলেও প্রকৃতপক্ষে তিনি তৃতীয় বিভাগে কামেল পাস করেন। তাঁরা আরও বলেন, মাদ্রাসা শিক্ষার জন্য মাওলানা মান্নানের ন্যূনতম দরদ বা শ্রদ্ধা নেই। থাকলে নিজের একটি সন্তানকে তিনি অন্তত মাদ্রাসায় পড়াতেন।

জমিয়তুল মোদারেছীনের নবগঠিত কমিটির নেতৃবৃন্দ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। আহ্বায়ক কমিটির কর্মকর্তারা হচ্ছেন আহ্বায়ক মাওলানা আবদুল হামিদ, যুগ্ম আহ্বায়ক মাওলানা সিরাজুল ইসলাম, মাওলানা সামছুল আলম, মাওলানা নাজমুল শাহাদাৎ, মাওলানা কামরুজ্জামান, মাওলানা মোঃ আবদুল্লাহ, মাওলানা আবদুল কাদের মিয়া, সদস্য সচিব মাওলানা দেলোয়ার হোসেন।